দৈনিক জনকণ্ঠ

105
তারিখ ... SEP 12 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

## ঢাবি নৃবিজ্ঞান বিভাগের প্রশ্নপত্র ফাঁস হয়নি ॥ তদন্ত কমিটি রিপোর্ট

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত তদন্ত কমিটির রিপোর্ট গত বৃহস্পতিবার সিন্ডিকেটের সভায় পেশ করা হয়েছে। রিপোর্টে বলা হয়েছে, নৃবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষ সম্মান ফাইনাল পরীক্ষার ৩০৫ নম্বর কোর্সের প্রশ্নপত্র ফাঁস হওয়ার কোন প্রমাণ পাওয়া যায়নি।

কমিটির প্রাথমিক রিপোর্টে বলা হয়, বিভাগীয় চেয়ারম্যান এ সম্পর্কে নিশ্চিত না হয়েই শুধুমাত্র কতিপয় ছাত্রের মৌখিক অভিযোগের ভিত্তিতে উক্ত পরীক্ষা বাতিল ঘোষণা করেন। কমিটি তার এই বিধি বহির্ভূত কাজের জন্য তাকে পরীক্ষা কমিটি থেকে বাদ দিয়ে সম্পূর্ণ নতুনভাবে পরীক্ষা কমিটি গঠনের সুপারিশ করেছে। সিন্ডিকেট এই রিপোর্ট গ্রহণ করেছে। এ ব্যাপারে সিন্ডিকেটে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। চূড়ান্ত রিপোর্টে এ ধরনের কাজের জন্য শাস্তির সুপারিশ করা হতে পারে।

উল্লেখ্য, গত বছরও পরীক্ষা সংক্রান্ত এক গুরুতর অপরাধের জন্য অপর একটি কমিটি তাঁকে তিন বছরের জন্য পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে বাদ দেয়ার সুপারিশ করে। কিন্তু বিশেষ মহলের চাপে সেই শাস্তি মওকুফ করে সিন্ডিকেট তাঁকে সতর্ক করে দেয়।